## মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: অক্টোবর ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১০ নভেম্বর ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮১ | ১৩৬ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,০৯৫ | ১,০০৩ |
| **মোট** | ২,৫১৫ | ১,৩৭৬ | ১,১৩৯ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | ৩৯ | ১৭ | ৪৯ | ৩১ | ১৩৬ |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | ২৯১ | ২১৫ | ২৯১ | ২০৬ | ১০০৩ |
| **মোট** | - | - | ৩৩০ | ২৩২ | ৩৪০ | ২৩৭ | ১,১৩৯ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অক্টোবর মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| **মন্ত্রিপরিষদ বিভাগ** | - | - | - | - | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

| **মন্ত্রিপরিষদ বিভাগ** | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | ৩ | - | ২৪-২৬ অক্টোবর ২০২৫ মেয়াদে Inauguration of Pension Fair and Workshop on Universal Pension Scheme-এ যোগদানের উদ্দেশ্যে খুলনা সফর করেন। |
| | সচিব, সমন্বয় ও সংস্কার | | |
| | - | - | - |
| | অতিরিক্ত সচিব | | - |
| | - | - | |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ২২৫ | ৯.৯৫ (৪.৪২ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ৬৮১.০১ (৪৩.৪৩ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ৫.৪৫ (৪.৪০ শতাংশ) | - |
| **মোট** | ১,৯১৭ | ৬৯৬.৪১ (৩৬.৩৩ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৬টি | ০.৬৫ | - | - | ১৬টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ২টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি আপত্তিসহ সর্বমোট ১৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৪১টি | ২১০.০৮ | ২টি | ৩টি | ৩৮টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (অক্টোবর মাসের ১ তারিখে) | অক্টোবর মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | অক্টোবর মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ২ | - | - | - | - | ২ | - |
| দুর্নীতি দমন কমিশন | ২১ | - | - | - | - | ২১ | ২ |
| মোট | ২৩ | - | - | - | - | ২৩ | ২ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন:**

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

| মন্ত্রণালয়/সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | বাজেট ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ২২ অক্টোবর-৩ নভেম্বর ২০২৫ | ২৩ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | দুর্নীতি দমন কমিশনে প্রেষণে কর্মরত কর্মকর্তা এবং নব নিয়োগ প্রাপ্ত পাবলিক প্রসিকিউটরদের অংশগ্রহণে বিশেষ ওরিয়েন্টেশন কোর্স। | ৭-৯ অক্টোবর ২০২৫ | ১৯ জন |
| | ২. | Developing Immunity in Order to Maintain a Good Physical and Mental Health by ACC Officials | ১২ অক্টোবর ২০২৫ | ২৫ জন |
| | ৩. | রিপোর্টার্স এগেইনস্ট করাপশনের (RAC) সদস্যদের অংশগ্রহণে বিশেষ কর্মশালা | ১৪ অক্টোবর ২০২৫ | ৬১ জন |
| | ৪. | মানিলন্ডারিং অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণ | ১৯-২৩ এবং ২৬-৩০ অক্টোবর ২০২৫ | ৪০ জন |
| | ৫. | বেসিক কম্পিউটার অপারেশন ও রেকর্ড ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ২৮-৩০ অক্টোবর ২০২৫ | ২০ জন |

ক.১ মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৫-২৬ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

| ক্রম | অতিথি বক্তা/প্রশিক্ষক | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণে অংশগ্রহণকারী | তারিখ |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মহসিন, যুগ্মসচিব মহাপরিচালক, অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ | অটিজম সচেতনতা ও সামাজিক দায়বদ্ধতা | মন্ত্রিপরিষদ বিভাগের দশম গ্রেডভুক্ত কর্মকর্তাগণ | ৩০ অক্টোবর ২০২৫ |

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | ১১৯তম সিনিয়র স্টাফ কোর্স | ৭ সেপ্টেম্বর হতে ২১ অক্টোবর ২০২৫ | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ২ জন |
| | ২. | ১৫০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সের অংশ হিসেবে থাইল্যান্ডের The Asian Institute of Technology (AIT) -এ প্রশিক্ষণ | ২৯ সেপ্টেম্বর হতে ৮ অক্টোবর ২০২৫ | বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |
| | ৩. | 'Data Management and Quantitative Analysis with STATA (Batch-7)' শীর্ষক অনলাইন সান্ধ্যকালীন কোর্স | ২০ সেপ্টেম্বর হতে ১৯ অক্টোবর ২০২৫ | বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) | ২ জন |
| | ৪. | 'Technology Transfer and Management in Government Office' শীর্ষক (৫ম ব্যাচ) অনলাইন সান্ধ্যকালীন কোর্স | ১২ অক্টোবর হতে ২৩ অক্টোবর ২০২৫ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ৩ জন |
| | ৫. | 'Data Analytics and Data Driven Decision Making in Office' শীর্ষক অনলাইন সান্ধ্যকালীন কোর্স | ৭ আগস্ট ২০২৫ হতে ১২ অক্টোবর ২০২৫ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ২ জন |
| দুর্নীতি দমন কমিশন | - | - | - | - | - |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ৪ জন।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপুর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির দুইটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৪৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ১৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ২৯টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতিবেদনাধীন মাসে ৯টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৪৫টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৪টি প্রস্তাব গৃহীত হয়েছে।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ১৩টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৫) ২৯ অক্টোবর ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৬) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রকৌশল পেশায় বিএসসি ডিগ্রিধারী ও ডিপ্লোমাধারীদের পেশাগত দাবিসমূহের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের নিমিত্ত কমিটির সুপারিশ দাখিলের মেয়াদ ৩০ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(৭) সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) বাস্তবায়নের জন্য উপদেষ্টা পরিষদ কমিটি গঠন সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

(৮) ২০ অক্টোবর ২০২৫ তারিখে এস.আর.ও. নম্বর ৪১৫-আইন/২০২৫-এর মাধ্যমে The National Anthem Rules, 1978 (Amended up to January, 2012)-এর Schedule I-এর Serial 3. [National mourning Day (The 15th day of August every year).] বিলুপ্ত করা হয়েছে।

(৯) ৩০ অক্টোবর ২০২৫ হতে ১৩ নভেম্বর ২০২৫ মেয়াদে উজবেকিস্তানে ইউনেস্কোর ৪৩তম সাধারণ পরিষদের সম্মেলন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ উক্ত সম্মেলনে সভাপতি নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ায় মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস-কে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে উপদেষ্টা পরিষদের ৯ অক্টোবর ২০২৫ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৪ অক্টোবর ২০২৫ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) স্থানীয় সরকার বিষয়ক সংস্কার কমিশনের চেয়ারম্যান, স্থানীয় সরকার বিশেষজ্ঞ ও গবেষক অধ্যাপক ড. তোফায়েল আহমেদ ৮ অক্টোবর ২০২৫ তারিখে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশপূর্বক রূহের মাগফেরাত কামনা করে এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে উপদেষ্টা পরিষদের ৯ অক্টোবর ২০২৫ তারিখের বৈঠকে গৃহীত শোক প্রস্তাব ১৪ অক্টোবর ২০২৫ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) অক্টোবর ২০২৫ মাসে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ২টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ৪টি এবং পত্রিকা থেকে সংগ্রহকৃত ১টিসহ মোট ৭টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) অক্টোবর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ৪টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি এবং ১টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সরাসরি দাখিলকৃত ১টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(১৩) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বর দ্বিতীয় ও অক্টোবর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৪) ২২ অক্টোবর ২০২৫ তারিখে 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখে 'শহিদ বুদ্ধিজীবী দিবস' এবং ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখে 'মহান বিজয় দিবস' উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৬) অক্টোবর ২০২৫ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৯টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত সেপ্টেম্বর ২০২৫ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(১৮) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ২৭ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(১৯) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতাধীন ২০২৩ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের দীর্ঘমেয়াদি অনিষ্পন্ন মামলা এবং চলমান মামলা পরিচালনার তথ্য পরিবীক্ষণ করা হয়েছে। উক্ত মামলাসমূহের তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভা এবং বিভাগীয় কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১১টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৯টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(২১) জাতীয় সংসদের তিনটি (২০১৪, ২০১৮ এবং ২০২৪) নির্বাচনে উত্থাপিত অভিযোগের বিষয়ে পর্যালোচনাপূর্বক ভবিষ্যতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিশনের মেয়াদ ৩০ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(২২) Grievance Redress System (GRS) সফট্ওয়্যারের মাধ্যমে প্রাপ্ত অক্টোবর ২০২৫ মাসে মন্ত্রণালয়/বিভাগের মোট ৬১৯টি এবং ৬৪টি জেলায় মোট ২৩১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। এ সফট্ওয়্যারের মাধ্যমে ২০২৫ সালের ১ নভেম্বর পর্যন্ত দেশে মোট ৩২,৩০২টি অভিযোগ দাখিল হয়েছে এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ২১,২৮৪টি। অভিযোগ নিষ্পত্তির হার ৬৫.৮৯ শতাংশ।

(২৩) অন্তর্বর্তীকালীন সরকারের সংস্কার কার্যক্রমের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর পরিবর্তে সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/Governance Performance Monitoring System (GPMS) সম্পাদন সংক্রান্ত পরিপত্র সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে।

**গ. আগামী (নভেম্বর-ডিসেম্বর ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতির পর্যালোচনার জন্য ১৪টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৮তম সভা আয়োজন।

১১.১১.২০২৫
ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব